# Penadios™

Chaste berry

**Presentation:**
**Penadios**™ 20 mg Capsule: Each capsule contains Chaste berry 20 mg standardized extract.

**Description:**
Chaste berry (*Vitex agnus castus*) is native to Western Asia and Southwestern Europe. Chaste berry is used as a common treatment for gynecological disorders due to its central dopaminergic activity. It has been used widely in Europe for gynecologic conditions such as premenstrual syndrome (PMS), cyclical breast discomfort, menstrual cycle irregularities, and dysfunctional uterine bleeding. Major active constituents of Chaste berry are iridoid glycosides such as agnuside, aucubin and flavonoids such as casticin. Chaste berry acts as a hormonal modulator by increasing progesterone levels with the corresponding reduction in estrogen levels via the corpus luteum hormone effect. It shows central action at the pituitary gland that inhibits the release of follicle-stimulating hormone (FSH), promotes the release of luteinizing hormone (LH), and decreases prolactin secretion by the pituitary gland via dopamine antagonistic effect. It is also used for fibrocystic breast, insufficient lactation, corpus luteum insufficiency, prevention of miscarriage in the first trimester of pregnancy in cases of progesterone insufficiency and acne vulgaris.

**Indications and Uses:**
**Penadios**™ 20 mg capsule is indicated for the treatment and prevention of-

- Irregular menstruation
- Premenstrual syndrome such as lower abdominal pain, sleep disturbance, cyclic mastalgia, acne, headache, and mood swing
- Hyperprolactinemia
- Mastodynia

**Dosage and Administration:**
Orally 1-2 capsules daily with water or as advised by the physician.

**Duration of Use:**
Duration of the treatment should be at least 3 months and a repeated course is feasible as advised by the physician.

**Side Effects:**
Generally well-tolerated in recommended dose. Side effects are very rare occurring in only 1-2% of patients that may include nausea, rash, headache, hair loss, fatigue, agitation, dry mouth, tachycardia, and increased menstrual flow.

**Contraindications:**
Contraindicated for the patient with known hypersensitivity to Chaste berry.

**Pregnancy and Lactation:**
Not recommended for use during pregnancy. No known restriction during lactation.

**Drug Interactions:**
None known.

**Storage:**
Do not store above 30ºC, protect from light & moisture. Keep out of reach of children.

**Packs:**
**Penadios**™ 20 mg Capsule: Each box contains 3x10's capsules in Alu-Alu blister pack.

TM = Trade Mark

RADIANT
NUTRACEUTICALS

Manufactured by
**Radiant Nutraceuticals Ltd.** (Herbal Division)
B-34, BSCIC Industrial Estate
Tongi, Gazipur-1710, Bangladesh

Version: 01

RNP3042

Size : 140mm x 175mm

Color chart

PANTONE 2415 C

# পেনাডিওস™

চেস্ট বেরি

**উপস্থাপনঃ**

**পেনাডিওস™** ২০ মিগ্রা ক্যাপসুলঃ প্রতিটি ক্যাপসুলে আছে চেস্ট বেরি ২০ মিগ্রা স্ট্যান্ডর্ডাইজ্‌ড নির্যাস।

**বিবরণঃ**

চেস্ট বেরি (*ভিট্যাক্স অ্যাগনুস ক্যাসটাস*) পশ্চিম এশিয়া ও দক্ষিণ-পশ্চিম ইউরোপের একটি উদ্ভিদ। চেস্ট বেরির কেন্দ্রীয় ডোপামিনারজিক কার্যকারিতার কারণে এটি সাধারণত স্ত্রীরোগ সংক্রান্ত ব্যাধির চিকিৎসায় ব্যবহৃত হয়। এটি ইউরোপে স্ত্রীরোগ সংক্রান্ত বিভিন্ন ব্যাধি যেমন প্রিমেনস্ট্রুয়াল সিনড্রোম, স্তনে ব্যথা, অনিয়মিত মাসিক এবং জরায়ুর অস্বাভাবিক রক্তপাতে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। চেস্ট বেরির প্রধান কার্যকরী উপাদানের মধ্যে রয়েছে ইরিডয়েড গ্লাইকোসাইডস যেমন অ্যাগনুসাইড ও অ্যাকুবিন এবং ফ্ল্যাভোনয়েডস যেমন ক্যাসটিসিন। চেস্ট বেরি কর্পাস লুটিয়াম হরমোন এফেক্টের মাধ্যমে ইস্ট্রোজেনের মাত্রা হ্রাস করে এবং প্রজেস্টেরনের মাত্রা বাড়িয়ে হরমোনাল প্রভাবক হিসাবে কাজ করে। পিটুইটারি গ্রন্থির উপর চেস্ট বেরির প্রধান কার্যকারিতা পরিলক্ষিত হয়। যার কারণে এটি ফলিকল স্টিমুলেটিং হরমোনের নিঃসরণ হ্রাস করে, লুটেনাইজিং হরমোনের নিঃসরণ বৃদ্ধি করে এবং ডোপামিন অ্যান্টাগনিস্টিক ক্রিয়ার মাধ্যমে পিটুইটারি গ্রন্থি হতে প্রোল্যাকটিন হরমোনের নিঃসরণ হ্রাস করে। এছাড়াও এটি ফাইব্রোসিস্টিক স্তন, অপ্রতুল স্তনদুগ্ধ নিঃসরণ, কর্পাস লুটিয়ামের ঘাটতি, প্রজেস্টেরন হরমোনের স্বল্পতার কারণ জনিত অকাল গর্ভপাত এবং ব্রণ এর চিকিৎসায় ব্যবহৃত হয়।

**নির্দেশনা ও ব্যবহারঃ**

**পেনাডিওস™** ২০ মিগ্রা ক্যাপসুল যে সকল রোগের চিকিৎসায় ও প্রতিরোধে নির্দেশিত-

- অনিয়মিত মাসিক
- প্রিমেনস্ট্রুয়াল সিনড্রোম, যেমন- মাসিককালীন তলপেটে ব্যথা, ঘুমের ব্যাঘাত, স্তন ব্যথা, ব্রণ, মাথাব্যথা এবং মানসিক অস্থিরতা
- হাইপারপ্রোল্যাকটিনেমিয়া
- মাস্টোডাইনিয়া

**মাত্রা ও সেবনবিধিঃ**

প্রতিদিন ১-২ টি ক্যাপসুল পানির সাথে সেব্য অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

**সেবনের স্থিতিকালঃ**

সেবনের স্থিতিকাল কমপক্ষে ৩ মাস এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধটির পুনরাবৃত্ত গ্রহণ নির্দেশিত।

**পার্শ্বপ্রতিক্রিয়াঃ**

নির্দেশিত মাত্রায় চেস্ট বেরি শরীরের জন্য সহনশীল। শুধুমাত্র ১-২% রোগীদের ক্ষেত্রে কদাচিৎ পার্শ্বপ্রতিক্রিয়া যেমন- বমিবমি ভাব, মাথাব্যথা, চুল পড়া, দুর্বলতা, উৎকন্ঠা, ট্যাকিকার্ডিয়া এবং মাসিককালীন মাত্রাধিক রক্তপ্রবাহ পরিলক্ষিত হতে পারে।

**প্রতিনির্দেশনাঃ**

যে সকল রোগীদের চেস্ট বেরি এর প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারঃ**

গর্ভাবস্থায় ব্যবহার নির্দেশিত নয়। স্তন্যদানকালে ব্যবহার সম্পর্কিত কোন সীমাবদ্ধতা জানা যায়নি।

**অন্য ওষুধের সাথে ক্রিয়াঃ**

অন্য ওষুধের সাথে সহ-ব্যবহারে পার্শ্বপ্রতিক্রিয়ার ব্যাপারে কোন তথ্য জানা যায়নি।

**সংরক্ষণঃ**

৩০° সেন্টিগ্রেড তাপমাত্রার উপর সংরক্ষণ করা থেকে বিরত থাকুন, আলো ও আর্দ্রতা থেকে দূরে রাখুন।

সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহঃ**

**পেনাডিওস™** ২০ মিগ্রা ক্যাপসুলঃ প্রতিটি বাক্সে রয়েছে ৩x১০ টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

TM = ট্রেডমার্ক

RADIANT NUTRACEUTICALS

প্রস্তুতকারক

**রেডিয়েন্ট নিউট্রাসিউটিক্যাল্‌স লিমিটেড** (হারবাল ডিভিশন)
বি-৩৪, বিসিক শিল্প এলাকা
টঙ্গী, গাজীপুর-১৭১০, বাংলাদেশ

Size : 140mm x 175mm